

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩০, ২০২২

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

মানব সম্পদ শাখা-১

প্রত্যাপন

তারিখ : ০৭ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/২১ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

নং ১১.০০.০০০০.৮০৩.০৬.০৩০.২২-২৮২—জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ৮নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে স্পীকার সংসদ সচিবালয় কমিশনের সহিত পরামর্শক্রমে, (৩০তম কমিশন বৈঠক) “জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী (আচরণ) বিধিমালা, ২০০৫” এবং “জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০০৫” এর নিম্নরূপ বিধি প্রতিশ্রূতিপ্রকাশন করিলেন :

১। জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী (আচরণ) বিধিমালা, ২০০৫ এর—

(ক) বিধি-৩ এর উপবিধি (৪) এর পর নিম্নরূপ নৃতন উপবিধি (৫) সংযোজিত হইবে,
যথা:—

“(৫) কোনো কর্মকর্তা বা কর্মচারী যৌতুক দিতে বা নিতে বা যৌতুক দেওয়া বা
নেওয়ায় প্রয়োচিত করিতে পারিবেন না; অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে,
প্রযোজ্য ক্ষেত্রে, কল্যা বা বরের পিতা-মাতা বা অভিভাবকের নিকট যৌতুক
দাবী করিতে পারিবেন না;”;

(খ) বিধি-৮ এর উপবিধি (১) এ উল্লিখিত “৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা” সংখ্যা,
বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা” সংখ্যা,
বন্ধনী ও শব্দগুলি প্রতিশ্রূতিপ্রকাশন করিলেন নাই;

(গ) বিধি-১০ এর উপবিধি (২) এ উল্লিখিত “তিনি বৎসর” শব্দগুলির পরিবর্তে “পাঁচ
বৎসর” শব্দগুলি প্রতিশ্রূতিপ্রকাশন করিলেন নাই;

(১১১৬১)

মূল্য : টাকা ৪.০০

২। জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী (শ্রেণী ও আপীল) বিধিমালা, ২০০৫ এর
বিধি ৪ এর—

- (ক) উপবিধি (২) এর ক্রমিক (গ) এ উল্লিখিত “টাইম স্কেলে” শব্দগুলির পরিবর্তে
“বেতন গ্রেডে” শব্দগুলি এবং অতঃপর ক্রমিক (ঙ) এ উল্লিখিত “টাইম স্কেলের”
শব্দগুলির পরিবর্তে “বেতন গ্রেডের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) উপবিধি (৩) এর ক্রমিক (ক) এ উল্লিখিত “নিম্ন টাইম স্কেলে” শব্দগুলির পরিবর্তে
“নিম্ন বেতন গ্রেডে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) উপবিধি (৫) এর ক্রমিক (ঘ) এ উল্লিখিত “চাকুরী হইতে পলায়নের জন্য যে কোনো
দণ্ড” শব্দগুলির পরিবর্তে “চাকুরী হইতে পলায়নের জন্য তিরক্ষার ব্যতীত যে কোনো
দণ্ড” শব্দগুলি এবং অতঃপর ক্রমিক (ঙ) এ উল্লিখিত “নিম্ন টাইম স্কেলে” শব্দগুলির
পরিবর্তে “নিম্ন বেতন গ্রেডে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

স্পীকারের আদেশক্রমে

মোহাম্মদ খালেদুর রহমান
সিনিয়র সহকারী সচিব।